**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**অর্থ মন্ত্রণালয়**
**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**[ মূল্য সংযোজন কর ]**

**প্রজ্ঞাপন**

**তারিখ: ২৪ জ্যৈষ্ঠ, ১৪৩৩ বঙ্গাব্দ / ০৭ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ।**

**এস.আর.ও. নং-১৪৭-আইন/২০২৬/৩৫২-মূসক।**-সরকার, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, নিবন্ধিত স্টার্টআপ প্রতিষ্ঠানকে নিম্নবর্ণিত ক্ষেত্রে মূল্য সংযোজন কর হইতে অব্যাহতি প্রদান করিল, যথা:-

(ক) স্থানীয় পর্যায়ে উহার উপর আরোপণীয় সমুদয় মূল্য সংযোজন কর;

(খ) যে কোনো সেবা আমদানির বিপরীতে উহার উপর আরোপণীয় সমুদয় মূল্য সংযোজন কর; এবং

(গ) স্থান ও স্থাপনা ভাড়া গ্রহণের বিপরীতে উহার উপর আরোপণীয় সমুদয় মূল্য সংযোজন কর।

২। এই প্রজ্ঞাপনের উদ্দেশ্য পূরণকল্পে, "স্টার্টআপ" অর্থ আয়কর আইন, ২০২৩ এর অষ্টম তফসিল এর অংশ-২ এ উল্লিখিত স্টার্টআপ প্রতিষ্ঠানকে বুঝাইবে, এতদ্‌ব্যতীত, স্টার্টআপ হিসাবে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক নিবন্ধিত হইতে হইবে।

৩। নিবন্ধিত স্টার্টআপ প্রতিষ্ঠান কর্তৃক আইনের ধারা ১০৭ এর উপ-ধারা (২ক) অনুযায়ী Enterprise Resource Planning (ERP) সফটওয়্যার বা জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক নির্ধারিত মূসক সফটওয়্যার এর মাধ্যমে কর সংক্রান্ত দলিলাদি ও হিসাবপত্র এবং অন্যান্য রেকর্ডপত্র যথাযথ নিরাপত্তাসহ সার্ভারে সংরক্ষণ করিতে পারিবেন, এবং উক্তরূপ সংরক্ষিত দলিলাদি আইনগতভাবে গ্রহণযোগ্য প্রমাণক হিসেবে গণ্য হইবে, এক্ষেত্রে, মূল্য সংযোজন কর কর্তৃপক্ষের নিকট ইলেকট্রনিকভাবে তাহা উপস্থাপন করা যাইবে।

৪। নিবন্ধিত স্টার্টআপ প্রতিষ্ঠান কর্তৃক উৎসে কর কর্তনকারী সত্তার নিকট যে কোনো সরবরাহ প্রদান করিলে সেই ক্ষেত্রে উৎসে কর কর্তনকারী সত্তা কর্তৃক উৎসে মূসক কর্তন করিতে হইবে না।

৫। এই প্রজ্ঞাপন ১ জুলাই, ২০২৬ খ্রিষ্টাব্দে কার্যকর হইবে এবং ৩০ জুন, ২০৩৫ খ্রিষ্টাব্দ পর্যন্ত বলবৎ থাকিবে।

**রাষ্ট্রপতির আদেশক্রমে,**

**স্বাক্ষরিত/-**
**( মোঃ আবদুর রহমান খান এফসিএমএ )**
**সচিব**

Downloaded from www.taxvatpoint.com